

12c ওরাকল ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম

মোহাম্মদ মিজানুর রহমান নয়ন

ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর, ওরাকল সার্টিফাইড প্রফেশনাল; সাবেক বিভাগীয় প্রধান, বিসিআই ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট; সাবেক লেকচারার, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ

ইম্পোর্ট ইউটিলিটি

ইম্পোর্ট ইউটিলিটির মাধ্যমে এক্সপোর্ট ইউটিলিটি দিয়ে এক্সপোর্ট করা ডাম্প (.dmp) ফাইলকে অন্য কোনো ডাটাবেজের স্কিমাতে লোড করা যায়। ইম্পোর্ট ইউটিলিটির মাধ্যমে সহজেই এক ডাটাবেজ থেকে ডাটা এবং অবজেক্টসমূহকে অন্য ডাটাবেজ অথবা স্কিমাতে স্থানান্তর করা যায়। সাধারণত ডাটাবেজ আপগ্রেড করা অথবা মাইগ্রেট করার ক্ষেত্রে ইম্পোর্ট ইউটিলিটি ব্যবহার করে দ্রুত ডাটা স্থানান্তর করা যায়। ইম্পোর্ট ইউটিলিটি ডাম্প (.dmp) ফাইলে বাইনারি ফরম্যাটে সংরক্ষিত ডাটা এবং অবজেক্টকে অন্য একটি ডাটাবেজের স্কিমাতে লোড করে। ইম্পোর্ট কমান্ড বিভিন্ন লেভেলে ডাটা ইম্পোর্ট করতে পারে। যেমন—

- ⇒ টেবল লেভেলে।
- ⇒ টেবলস্পেস লেভেলে।
- ⇒ স্কিমা লেভেলে।
- ⇒ ডাটাবেজ লেভেলে প্রভৃতি।

ইম্পোর্ট কমান্ড

ইম্পোর্ট ইউটিলিটির কমান্ড সিনটেক্স দেয়া হলো—

impusername/passwordPARAMETER=(value1,value2,...,valuen)

ইম্পোর্ট কমান্ডের মাধ্যমে যে স্কিমাতে ডাটা লোড বা ইম্পোর্ট করা হবে তার ইউজারনেম, পাসওয়ার্ড এবং যে স্কিমা থেকে ডাটা ইম্পোর্ট করা হবে সেই স্কিমার ডাটাবেজের নাম করতে হয়। এরপর যে ডাম্প (.dmp) ফাইল থেকে ডাটা ইম্পোর্ট করা হবে তার নাম এবং লোকেশন উল্লেখ করা হয়। এছাড়া বিভিন্ন ধরনের প্যারামিটার ইম্পোর্ট কমান্ডের সাথে ব্যবহার হতে পারে। এসব প্যারামিটারের তালিকা দেয়া হলো—

প্যারামিটার	বর্ণনা
FILE	ডাম্প ফাইলের নাম এবং লোকেশন।
LOG	লগ ফাইলের নাম এবং লোকেশন।
BUFFER	ডাটা বাফারের সাইজ।
FROMUSER	যে ইউজার থেকে ডাটা এক্সপোর্ট করা হয়েছে তার নাম।
TOUSER	যে ইউজারে ডাটা ইম্পোর্ট করা হবে তার নাম।
INDEXES	ইনডেক্সসমূহ ইম্পোর্ট করা হবে কিনা তা এই প্যারামিটারের মাধ্যমে নির্ধারণ করা হয়। ডিফল্টভাবে এটি Y থাকে।
TABLES	যেসব টেবল ইম্পোর্ট করা হবে তাদের নাম।
PARFILE	প্যারামিটার ফাইলের নাম।
IGNORE	এরর উপেক্ষা করবে কিনা তা নির্ধারণ করা হয়। ডিফল্টভাবে এটি N থাকে।

DESTROY	টেবলস্পেসের ডাটা ফাইল ওভাররাইট করে। ডিফল্টভাবে এটি N থাকে।
INDEXFILE	নির্দিষ্ট ফাইলে ইনডেক্স তৈরি করবে।
SKIP_UNUSABLE_INDEXES	অব্যবহৃত ইনডেক্সসমূহকে রিবিন্ড করবে কিনা তা নির্ধারণ করে। ডিফল্টভাবে এটি N থাকে।
TRANSPORT_TALBESPACE	ট্রান্সপোর্টেবল টেবলস্পেসের মেটাডাটা ইম্পোর্ট করবে কিনা তা নির্ধারণ করে। ডিফল্টভাবে এটি N থাকে।
DATAFILE	যেসব ডাটা ফাইল ইম্পোর্ট করা হবে তার তালিকা।
RESUMABLE	স্পেস সংক্রান্ত সমস্যা হলে ইম্পোর্ট সাসপেন্ড হবে কিনা তা নির্ধারণ করে। ডিফল্টভাবে এটি N থাকে।
RESUMABLE_NAME	RESUMABLE স্টেটমেন্টকে আইডেন্টিফাই করার টেক্সট স্ট্রিং।
RESUMABLE_TIMEOUT	ইম্পোর্ট RESUMABLE হওয়ার ওয়েট টাইম।
TABLESPACES	যেসব টেবলস্পেস ইম্পোর্ট করা হবে তার তালিকা।
INCTYPE	ইনক্রিমেন্টাল ইম্পোর্ট করা হবে কিনা তা নির্ধারণ করে। ডিফল্টভাবে এটি N থাকে।
STATISTICS	ডাটা ইম্পোর্ট করার সময় অপটিমাইজার স্ট্যাটিস্টিকস ক্যালকুলেট এবং প্রদর্শন করবে কিনা তা নির্ধারণ করে। ডিফল্টভাবে এটি ALWAYS থাকে।

টেবল ইম্পোর্ট করা

নির্দিষ্ট কোনো টেবলকে ইম্পোর্ট করার জন্য ইম্পোর্ট কমান্ডের সাথে tables প্যারামিটারটি ব্যবহার করতে হয়। টেবল ইম্পোর্ট করার উদাহরণ দেয়া হলো—

```
imp newhr/newhr file=new_emp.dmp log=new_empimp.log
tables=new_emp fromuser=hr touser=newhr statistics=none
```

একাধিক টেবল ইম্পোর্ট করা

একাধিক টেবল ইম্পোর্ট করার জন্য ইম্পোর্ট কমান্ডের সাথে tables প্যারামিটার ব্যবহার করতে হয়। tables প্যারামিটারে যেসব টেবলসমূহকে ইম্পোর্ট করা হবে তাদের নাম উল্লেখ করতে হয়। একাধিক টেবল ইম্পোর্ট করার উদাহরণ দেয়া হলো—

```
imp newhr/newhr file=emp_dep.dmp log=emp_depimp.log
log tables=new_emp,new_dept fromuser=hr touser=newhr
statistics=none
```

(বাকি অংশ ৪৬ পাতায়) »